“ভূমি উন্নয়ন সংস্থা” অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত ভূমির বাণিজ্যিক উদ্দেশ্যে উন্নয়ন সাধন বা চুক্তির মাধ্যমে ভূমির উন্নয়ন সাধনপূর্বক ইজারার মাধ্যমে বা প্রকারান্তরে পণের বিনিময়ে উক্ত উন্নয়নকৃত ভূমি বিক্রয় বা হস্তান্তরকার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

S০১০.২০ ভবন নির্মাণ সংস্থা :

ব্যাখ্যা:

“ভবন নির্মাণ সংস্থা” অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত ভূমির উপর ভবন নির্মাণপূর্বক ইজারার মাধ্যমে বা প্রকারান্তরে পণের বিনিময়ে বাণিজ্যিক ভিত্তিতে উক্ত নির্মিত ভবন বিক্রয় অথবা হস্তান্তরকার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।”;

(গ) শিরোনামা সংখ্যা S০১২ এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রি সমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনামা সংখ্যা ও এন্ট্রি সমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০১২ S০১২.০০ টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট সংস্থা :

ব্যাখ্যা:

“টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট সংস্থা” অর্থ টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট এর মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে যোগাযোগ স্থাপন, তথ্য বা উপাত্ত আদান-প্রদানের ব্যবস্থাকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।”;

(ঘ) শিরোনামা সংখ্যা S০৩৫ এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রি সমূহের পর নিম্নরূপ শিরোনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

“S০৩৬ S০৩৬.০০ এয়ারকন্ডিশনড বাস সার্ভিস এয়ারকন্ডিশনড লঞ্চ সার্ভিস:S০৩৬.১০ এয়ারকন্ডিশনড বাস সার্ভিস:

ব্যাখ্যা:

“এয়ারকন্ডিশনড বাস সার্ভিস” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি এয়ারকন্ডিশনড বা শীতাতপ নিয়ন্ত্রিত বাস, মিনিবাস বা কোস্টারের মাধ্যমে আন্তঃজেলা যাত্রী পরিবহণ ব্যবসায় নিয়োজিত।

S০৩৬.২০ এয়ারকন্ডিশন্ড লঞ্চ সার্ভিস:

ব্যাখ্যা:

“এয়ারকন্ডিশন্ড লঞ্চ সার্ভিস” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি এক বা একাধিক এয়ারকন্ডিশন্ড কেবিন বা কক্ষবিশিষ্ট লঞ্চ বা স্টীমারের মাধ্যমে আন্তঃজেলা যাত্রী পরিবহণ ব্যবসায় নিয়োজিত।

S০৩৭ S০৩৭.০০ যোগানদার (Procurement Provider) :

ব্যাখ্যা:

“যোগানদার” অর্থ কোটেশন বা দরপত্রের বিপরীতে বিভিন্ন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা লিমিটেড কোম্পানীর নিকট পণের বিনিময়ে মূল্য সংযোজন কর আরোপযোগ্য পণ্য সরবরাহ করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

S০৩৮ S০৩৮.০০ বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক:

ব্যাখ্যা:

“বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক” অর্থ পণ বা সম্মানীর বিনিময়ে বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন শিল্পী অথবা বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন শিল্পী সমন্বয়ে গঠিত কোন শিল্পী গোষ্ঠী বা শিল্পী সংস্থা সহযোগে নৃত্য, সংগীত, ব্যান্ড শো, কনসার্ট বা অন্য যে কোন নামের বা ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান, জলসা বা শো আয়োজন করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

S০৩৯ S০৩৯.০০ স্যাটেলাইট কেবল অপারেটর:

ব্যাখ্যা:

“স্যাটেলাইট কেবল অপারেটর” অর্থ ডিশ এন্টেনা বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট প্রোগ্রাম গ্রহণ পূর্বক তাহা কেবল বা তারের মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে অফিস, বাড়ি, ব্যবসায়স্থল বা অন্য কোন স্থানে বা অংগনে সংযোগদান করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।”;

(১৫) তৃতীয় তফসিলের পরিবর্তে এই আইনের দ্বিতীয় তফসিলে বর্ণিত তফসিল প্রতিস্থাপিত হইবে।

৭। [অর্থ (২০০৭-২০০৮ অর্থ বৎসর) আইন, ২০০৯ (২০০৯ সনের ৯ নং আইন) এর ৭০ ধারাবলে বিলুপ্ত।]

আয়কর

৮। (১) উপ-ধারা (২), (৩) এবং (৪) এর বিধানাবলী সাপেক্ষে, ১৯৯৭ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরের জন্য কোন কর নির্ধারণের ক্ষেত্রে প্রথম তফসিলে নির্দিষ্ট কর হার অনুযায়ী আয়কর ধার্য হইবে।

(২) ১৯৯৭ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরে কোন করদাতার, বাংলাদেশে কোম্পানী হিসাবে নিবন্ধিত নহে এইরূপ করদাতা ব্যতীত, মোট আয়ের মধ্যে যদি যাত্রীবাহী লঞ্চ হইতে লব্ধ মুনাফা অন্তর্ভুক্ত থাকে, তাহা হইলে ঐ মুনাফার উপর আরোপণযোগ্য আয়কর ৫০% হারে হ্রাস করা হইবে।

(৩) ১৯৯৭ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরে বাংলাদেশে নিবাসী কোন করদাতা যদি বাংলাদেশের বাহিরে উদ্ভূত কোন আয় সরকারী মাধ্যমে (official channel) এ বাংলাদেশে আনয়ন করেন এবং উহা বাংলাদেশে স্থাপিত কোন নূতন শিল্প প্রতিষ্ঠানে সরাসরি বিনিয়োগ করেন, অথবা সরকারী মালিকানাধীন কোন অর্থ প্রতিষ্ঠান কর্তৃক নিলামে বিক্রিত শিল্প প্রতিষ্ঠান, ষ্টক, শেয়ার, সরকারী বন্ড বা সিকিউরিটি ক্রয়ে বিনিয়োগ করেন, তাহা হইলে তাহার ঐ আয়ের উপর কোন আয়কর প্রদেয় হইবে না।

(৪) যেহেতু অনিবাসী করদাতার বাংলাদেশের বাহিরে উদ্ভূত আয়ের উপর কোন কর দিতে হয় না, সেইহেতু ১৯৯৭ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরে কোন অনিবাসী করদাতা যদি বাংলাদেশের বাহির হইতে কোন অর্থ সরকারী মাধ্যমে (official channel) এ বাংলাদেশে আনয়ন করেন এবং উহা বাংলাদেশে স্থাপিত কোন নূতন শিল্প প্রতিষ্ঠানে সরাসরি বিনিয়োগ করেন, অথবা সরকারী মালিকানাধীন কোন অর্থ প্রতিষ্ঠান কর্তৃক নিলামে বিক্রিত শিল্প প্রতিষ্ঠান, ষ্টক, শেয়ার, সরকারী বন্ড বা সিকিউরিটি ক্রয়ে বিনিয়োগ করেন, তাহা হইলে তাহার ঐ বিনিয়োগকৃত অর্থের উপরও কোন আয়কর প্রদেয় হইবে না।

(৫) যে সকল ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর SECOND SCHEDULE (মূলধনী মুনাফা ও লটারী আয় সংক্রান্ত) প্রযোজ্য হইবে সে সকল ক্ষেত্রে আরোপণযোগ্য কর উক্ত SCHEDULE অনুসারেই ধার্য করা হইবে, কিন্তু করের হার নির্ধারণের ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধান প্রয়োগ করিতে হইবে।

(৬) Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর Chapter VII অনুসারে কর কর্তনের নিমিত্তে প্রথম তফসিলে (আয়কর হার সংক্রান্ত) বর্ণিত হার ১৯৯৭ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ এবং ১৯৯৮ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য বৎসরের জন্য প্রযোজ্য হইবে।

(৭) এই ধারায় এবং এই ধারার অধীনে আরোপিত কর হারের উদ্দেশ্যে ব্যবহৃত “মোট আয় (total income)” বলিতে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর বিধান অনুসারে নিরূপিত মোট আয় (total income) বুঝাইবে।

প্রথম তফসিল
[ধারা ৮(১) দ্রষ্টব্য]

আয়করের হার

ক। Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 2(46) এ উল্লিখিত প্রত্যেক ব্যক্তি-করদাতা (অনিবাসী বাংলাদেশীসহ), হিন্দু যৌথ পরিবার, অংশীদারী ফার্ম, ব্যক্তি-সংঘ এবং আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তির ক্ষেত্রে -- যে সকল ক্ষেত্রে “খ” অনুচ্ছেদ প্রযোজ্য নহে

	হার
(১) প্রথম ৬০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য
(২) পরবর্তী ৪০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১০%
(৩) পরবর্তী ৫০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৫%
(৪) পরবর্তী ১,৫০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২০%
(৫) অবশিষ্ট মোট আয়ের উপর	২৫%:

তবে শর্ত থাকে যে, ন্যূনতম করের পরিমাণ কোনভাবেই ১০০০/- টাকার কম হইবে না:

আরও শর্ত থাকে যে, কোন করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (Less Developed Area) বা ন্যূনতম উন্নত এলাকায় (Least Developed Area) অবস্থিত কোন ক্ষুদ্র বা কুটিরশিল্পের মালিক হন এবং উক্ত কুটিরশিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত ক্ষুদ্র বা কুটিরশিল্প হইতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত লাভ করিবেন :-

রেয়াতের হার

- (অ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে, সেই ক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%;
- (আ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক হয়, সেই ক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০%।

ব্যাখ্যা।-এই অনুচ্ছেদে ব্যবহৃত “স্বল্প উন্নত এলাকা (Less Developed Area)” বা “ন্যূনতম উন্নত এলাকায় (Least Developed Area)” বলিতে ঐ

সকল স্থান বুঝাইবে যাহা S.R.O. 411-L/85 এবং S.R.O. 412-L/85, তারিখ ২২শে সেপ্টেম্বর, ১৯৮৫ এবং এস, আর, ও, ৩৪২-আইন/৯০, তারিখ ৩০শে সেপ্টেম্বর, ১৯৯০ তে নির্দিষ্ট করা হইয়াছে।

খ। কোম্পানী, স্থানীয় কর্তৃপক্ষ এবং সেই সকল করদাতা যাহাদের ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) অনুযায়ী সর্বোচ্চ হারে (at the maximum rate) আয়কর আরোপিত হয়-

(১) বাংলাদেশে যে কোম্পানীর রেজিস্ট্রিকৃত অফিস অবস্থিত সেই কোম্পানী হইতে লব্ধ ডিভিডেন্ড আয় ব্যতিরেকে অন্য সর্ব প্রকার আয়ের উপর

হার

(ক) এইরূপ প্রত্যেক কোম্পানীর ক্ষেত্রে যাহা উক্ত আয়ের ৩৫%।
publicly traded company,

(খ) এইরূপ প্রত্যেক কোম্পানীর ক্ষেত্রে যাহা উক্ত আয়ের ৪০%।
publicly traded company নহে এবং
ব্যাংক, বীমা, অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানসমূহ এবং
স্থানীয় কর্তৃপক্ষসহ Income Tax
Ordinance, 1984 এর section 2 এর
clause (20) এর sub-clause (a), (b),
(bb), (bbb) ও (c) এর আওতাধীন অন্যান্য
কোম্পানীর ক্ষেত্রে,

(২) Companies Act, 1913 (VII of 1913) উক্ত আয়ের উপর
অথবা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং ১৫%।
আইন) এর অধীনে বাংলাদেশে নিবন্ধিত কোন কোম্পানী
অথবা জাতীয় সংসদের আইন অনুযায়ী গঠিত সংবিধিবদ্ধ
কোন প্রতিষ্ঠান হইতে ১৯৪৭ সালের ১৪ই আগস্টের পরে
ইস্যুকৃত, প্রতিশ্রুত ও পরিশোধিত অংশ-পুঁজির উপরে
ঘোষিত এবং পরিশোধিত ডিভিডেন্ড আয়ের উপর,

ব্যাখ্যা।-এই অনুচ্ছেদে ব্যবহৃত “publicly traded company” বলিতে
এইরূপ কোন পাবলিক লিমিটেড কোম্পানী বুঝাইবে যাহা নিম্নবর্ণিত শর্ত পূরণ
করে:-

(ক) সংশ্লিষ্ট আয় বৎসরের সমাপ্তিতে পরিশোধিত মূলধনের অন্ততঃ এক-তৃতীয়াংশ
ইহার উদ্যোক্তা ও পরিচালকমণ্ডলীর সদস্য ব্যতীত অন্যান্যদের মালিকানা
ধািকিতে হইবে এবং এই মর্মে উক্ত কোম্পানীর চার্টার্ড একাউন্টেন্টের
প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে;

(খ) উদ্যোক্তা এবং পরিচালকমণ্ডলীর সদস্যগণ বেনামীতে কোন শেয়ার ক্রয়
করিতে পারিবেন না;

(গ) যে আয় বৎসরের আয়কর নির্ধারণ করা হইবে সেই আয় বৎসরের সমাপ্তির পূর্বে কোম্পানীটির শেয়ার ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হইতে হইবে।

(৩) কোম্পানী নহে, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী ^{হার} উক্ত আয়ের ২৫%।
বাংলাদেশী ব্যতীত) এইরূপ ব্যক্তিগণীভুক্ত করদাতার ক্ষেত্রে,

দ্বিতীয় তফসিল

[ধারা ৬(১৫) দ্রষ্টব্য]

“তৃতীয় তফসিল

(ধারা ৭ দ্রষ্টব্য)

সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য ও সেবা সমূহ

Customs Act এর First Schedule এর নিম্নবর্ণিত Heading No সমূহের বিপরীতে উল্লিখিত Harmonized Commodity Description and Coding System (H. S. Code) এর আওতাধীন পণ্য সমূহ; এবং এই তফসিলে “সম্পূরক শুল্ক আরোপযোগ্য সেবা সমূহ” শিরোনামার সেবাসমূহ:

সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য সমূহ

শিরোনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code).	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
০৮.০২	০৮০২.৫০.০০	পেস্তা	১৫
	০৮০২.৯০.১০	সুপারি	৫৫
০৯.০৬		দারুচিনি এবং দারুচিনি গাছের ফুল	
	০৯০৬.১০.০০	পিষ্ট বা চূর্ণ নহে	৩০
	০৯০৬.২০.০০	পিষ্ট বা চূর্ণ	৩০
০৯.০৭	০৯০৭.০০	লবঙ্গ	১৫
০৯.০৮	০৯০৮.১০.০০	জায়ফল	১৫
	০৯০৮.২০.০০	জৈত্রী	১৫
	০৯০৮.৩০.০০	এলাচ	৩০
০৯.০৯	০৯০৯.১০.০০	মৌরিদানা বা ব্যাডিয়ান	১৫
	০৯০৯.২০.০০	ধনেদানা	১৫
	০৯০৯.৩০.০০	জিরা	৩০
১২.০৭	১২০৭.৯১.০০	পোস্তাদানা	১৫
১৪.০৪	১৪০৪.৯০.১০	টেঙু পাতা (বিড়ি পাতা)	৫০
১৫.০৭	১৫০৭.১০.১০	অশোধিত আঠামুক্ত সয়াবিন তৈল	১০
১৫.১৮	১৫১৮.০০.১০		

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code).	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
১৫.১১	১৫১১.১০.০০	অশোধিত পাম তৈল/অলিন	৫
১৫.১৮	১৫১৮.০০.৪০		
২১.০৬	২১০৬.৯০.০০	সুগন্ধি দ্রব্যের মিশ্রণ ব্যতীত কোমল পানীয় প্রস্তুতে ব্যবহৃত সামগ্রী, আয়তন ভিত্তিক এ্যালকোহল ক্ষমতা ০.৫% এর উর্ধ্বে	২৭০
২২.০২	২২০২.৯০.০০	নন-এ্যালকোহলিক বিয়ার	১১৫
২২.০৩	২২০৩.০০.০০	মল্ট হইতে প্রস্তুত বিয়ার	১২০
২২.০৪		তাজা আঙ্গুরের মদ্য, ফর্টিফাইড মদ্যসহ	
	২২০৪.১০.০০	স্পার্কলিং মদ্য	১২০
	২২০৪.২১.০০	২ লিটার বা তাহা হইতে কম ধরে এমন আধারে	১২০
	২২০৪.২৯.০০	অন্যান্য	১২০
	২২০৪.৩০.০০	অন্যান্য আঙ্গুরের তাজা মদ্য	১২০
২২.০৫		ভারমুখ এবং তাজা আঙ্গুরের তৈরী মদ্য, সুবাসিত	
	২২০৫.১০.০০	২ লিটার বা তাহা হইতে কম ধরে এমন আধারে	১২০
	২২০৫.৯০.০০	অন্যান্য	১২০
২২.০৬	২২০৬.০০.০০	অন্যান্য গাঁজনো পানীয় (উদাহরণস্বরূপ সিডার, পেরী)	১২০
২২.০৭	সকল এইচ এস কোড	সকল পণ্য	৫
২২.০৮	২২০৮.২০.০০	আঙ্গুরের মদ্য বা ছিবড়া পাতনিকরণের মাধ্যমে প্রাপ্ত স্পিরিট	২৭০
	২২০৮.৩০.০০	হুইস্কি	২৭০
	২২০৮.৪০.০০	রাম ও টাফিয়া	২৭০
	২২০৮.৫০.০০	জিন ও জেনেভা	২৭০
	২২০৮.৬০.০০	ভোদকা	২৭০
	২২০৮.৭০.০০	লিকারস এবং কর্ডিয়ালস্	২৭০
	২২০৮.৯০.০০	অন্যান্য	২৭০

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code).	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
২৪.০২	২৪০২.১০.০০	সিগার, চুরুট বা সিগারিলো, তামাকের তৈরী	৩০
	২৪০২.২০.০০	তামাকযুক্ত সিগারেট (Cigarettes containing tobacco)	৩৫০
২৪.০৩	২৪০৩.৯৯.১০	তামাকের নির্ধারিত এবং এসেস	১৫
২৫.০১	২৫০১.০০.১০	বিশুদ্ধ সোডিয়াম ক্লোরাইড	২৫
	২৫০১.০০.২১	লবণ, বাল্কে আমদানিকৃত অর্থাৎ লুজ অথবা ২৫ কেজির উর্ধ্বে প্যাকিং অবস্থায়	৫০
	২৫০১.০০.২৯	অন্যান্য	২৫
২৫.২৩	২৫২৩.২৯.০০	গ্রে পোর্টল্যান্ড সিমেন্ট	৫
২৭.০৯	২৭০৯.০০.০০	পেট্রোলিয়াম তৈল এবং বিটুমিন খনিজ হইতে প্রাপ্ত তৈল, অশোধিত অবস্থায়	১৫
২৭.১০	২৭১০.০০.১১	এইচ, ও, বি, সি টাইপ মোটর স্পিরিট	১৭.২৫
	২৭১০.০০.১৯	অন্যান্য মোটর স্পিরিট, এভিয়েশন স্পিরিটসহ	১৭.২৫
	২৭১০.০০.২০	স্পিরিট টাইপ জেট ফুয়েল	১৭.২৫
	২৭১০.০০.৩১	অন্যান্য হালকা তৈল ও প্রিপারেশন: সাদা স্পিরিট	১৭.২৫
	২৭১০.০০.৩২	অন্যান্য হালকা তৈল ও প্রিপারেশন: ন্যাপথা	১৭.২৫
	২৭১০.০০.৩৯	অন্যান্য হালকা তৈল ও প্রিপারেশন: অন্যান্য	১০.২৫
	২৭১০.০০.৪১	জেপি ১ কেরোসিন টাইপ জেট ফুয়েল	২৪.২৫
	২৭১০.০০.৪২	জেপি ৪ কেরোসিন টাইপ জেট ফুয়েল	২৪.২৫
	২৭১০.০০.৪৩	অন্যান্য কেরোসিন টাইপ জেট ফুয়েল	২৪.২৫
	২৭১০.০০.৪৯	অন্যান্য কেরোসিন	১০.২৫
	২৭১০.০০.৫০	অন্যান্য মধ্যম তৈল ও প্রিপারেশন	১০.২৫
	২৭১০.০০.৬১	গ্যাস তৈল: লাইট ডিজেল তৈল	১৭.২৫
	২৭১০.০০.৬২	গ্যাস তৈল: হাইস্পিড ডিজেল তৈল	১৭.২৫
	২৭১০.০০.৬৯	গ্যাস তৈল: অন্যান্য	১০.২৫
	২৭১০.০০.৭১	জ্বালানী তৈল: ফার্নেস তৈল	১০.২৫
	২৭১০.০০.৭৯	জ্বালানী তৈল: অন্যান্য	১০.২৫
	২৭১০.০০.৮৪	আংশিক পরিশোধিত পেট্রোলিয়াম, টপড্রুডসহ	১০.২৫
	২৭১০.০০.৮৫	গ্রীজ (খনিজ)	১০.২৫

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code).	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
	২৭১০.০০.৮৯	অন্যান্য ভারী তৈল ও প্রিপারেশন: (ট্রান্সফরমার অয়েল ও হেভি নরম্যাল প্যারাফিন ব্যতীত)	১০.২৫
২৭.১১	২৭১১.২১.০০	প্রাকৃতিক গ্যাস	১৫০
৩৩.০২	৩৩০২.১০.০০	সুগন্ধি দ্রব্যের মিশ্রণ, এ্যালকোহল ক্ষমতা আয়তন ভিত্তিক ০.৫% এর উর্ধ্বে	২৭০
৩৩.০৩	৩৩০৩.০০.০০	সুগন্ধি ও প্রসাধনী পানি	১৫
৩৩.০৪		সৌন্দর্য অথবা প্রসাধন সামগ্রী এবং ত্বক পরিচর্যার প্রসাধন সামগ্রী (ঔষধে ব্যবহৃত পদার্থ ব্যতীত), সানস্ক্রিন বা সান ট্যান সামগ্রী; হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রীসহ	
	৩৩০৪.১০.০০	ওষ্ঠাধর প্রসাধন সামগ্রী	৩৫
	৩৩০৪.২০.০০	চক্ষু প্রসাধন সামগ্রী	৩৫
	৩৩০৪.৩০.০০	হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রী	৩৫
		অন্যান্য :	
	৩৩০৪.৯১.০০	পাউডার, চাপযুক্ত হউক বা না হউক	৩৫
	৩৩০৪.৯৯.০০	অন্যান্য	৩৫
৩৩.০৫		কেশ পরিচর্যায় ব্যবহৃত সামগ্রী	
	৩৩০৫.১০.০০	শ্যাম্পু	৩৫
	৩৩০৫.২০.০০	কেশ স্থায়ীভাবে তরঙ্গায়িত অথবা সরল করার প্রসাধনী	৩৫
	৩৩০৫.৩০.০০	কেশ বার্নিশ (Hair Lacquer)	৩৫
	৩৩০৫.৯০.০০	অন্যান্য	৩৫
৩৩.০৬	৩৩০৬.৯০.০০	মুখগহ্বর বা দাঁতের জন্য ব্যবহৃত অন্যান্য সামগ্রী	১৫
৩৩.০৭	৩৩০৭.১০.০০	শেভের আগে, শেভের সময় বা শেভের পরে ব্যবহার্য সামগ্রী	১৫
	৩৩০৭.২০.০০	শরীরের দুর্গন্ধ এবং ঘাম দূরীকরণে ব্যবহৃত সামগ্রী (আতর ব্যতীত)	৩৫
	৩৩০৭.৩০.০০	সুগন্ধযুক্ত বাথ সল্ট এবং অন্যান্য গোসল সামগ্রী	৩৫
	৩৩০৭.৪১.০০	আগরবাতি এবং অন্যান্য সুগন্ধি যাহা পোড়ানোর মাধ্যমে ব্যবহৃত হয়	১৫

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code).	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূর্ণ শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
	৩৩০৭.৪৯.০০	অন্যান্য	৩৫
	৩৩০৭.৯০.১০	তুলোট এবং বয়নহীন আঠালো, সুগন্ধি/প্রসাধনী দ্বারা মোড়ানো	১৫
	৩৩০৭.৯০.৯০	অন্যান্য	১৫
৩৪.০১	৩৪০১.১১.১০	প্রসাধনে ব্যবহারের জন্য (মেডিকেটেড পণ্য সামগ্রীসহ) মেডিকেটেড সাবান	১০
	৩৪০১.১১.৯০	প্রসাধনে ব্যবহারের জন্য (মেডিকেটেড পণ্য সামগ্রীসহ) অন্যান্য	১০
	৩৪০১.১৯.০০	অন্যান্য	১০
	৩৪০১.২০.১০	অন্যান্য ধরণের সাবান: মেডিকেটেড	১০
	৩৪০১.২০.৯০	অন্যান্য ধরণের সাবান: অন্যান্য	১০
৩৬.০১	৩৬০১.০০.০০	বিস্ফোরক পাউডার	১৫
৩৬.০২	৩৬০২.০০.০০	তৈরী বিস্ফোরক, বিস্ফোরক পাউডার ব্যতীত	১৫
৩৬.০৪	৩৬০৪.১০.০০	আতশবাজি	১৫
	৩৬০৪.৯০.০০	সিগনালিং ফ্লেয়ার, রেইন রকেট, ফগ সিগনাল/অন্যান্য পাইরোটেকনিক পণ্য	১৫
৩৬.০৫	৩৬০৫.০০.০০	দিয়াশলাই; শিরোনাম সংখ্যা ৩৬.০৪ এর পাইরোটেকনিক পণ্য সামগ্রী ব্যতীত	৫
৩৮.০৮	৩৮০৮.১০.২১	ন্যাপথালিন বল	৫
	৩৮০৮.১০.২৯	অকৃষিজ কীটনাশক, ফাংগিসাইড, ডিসইনফেকট্যান্ট, ইদুর মারা বিষ এবং খুচরা প্যাকিংয়ে আমদানীকৃত অনুরূপ পণ্য সামগ্রী	৫
	৩৮০৮.২০.৯৯		
	৩৮০৮.৩০.৯০		
	৩৮০৮.৪০.৯৯		
	৩৮০৮.৯০.৯৯		
৩৯.২৪	৩৯২৪.১০.০০	প্লাস্টিকের টেবিলওয়্যার বা কিচেনওয়্যার	৫
	৩৯২৪.৯০.৯০	অন্যান্য	৫

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code).	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
৪০.১০	সকল এইচ, এস, কোড	ভি-বেল্টসহ রাবার বেল্ট ও বেল্টিং	৫
৪৮.১৩		সিগারেট পেপার, সাইজ মত কর্তিত হটক বা না হটক	
	৪৮১৩.১০.০০	পুস্তিকা বা টিউবের আকারে	৩৫
	৪৮১৩.২০.০০	অনধিক ৫ সেঃমিঃ প্রস্থবিশিষ্ট রোলে	৩৫
	৪৮১৩.৯০.০০	অন্যান্য	৩৫
৪৮.১৯	৪৮১৯.১০.০০	করোগেটেড পেপার বা পেপার বোর্ডের তৈরী কার্টন, বাক্স এবং কেস	৫
	৪৮১৯.২০.০০	ম্যাচ কাঠি প্যাকিংয়ের জন্য ডুপ্লেক্স আউটার শেল ব্যতীত নন-করোগেটেড পেপার ও পেপার বোর্ডের তৈরী ফোল্ডিং কার্টন, বাক্স ও কেস।	৫
	৪৮১৯.৫০.০০	রেকর্ড স্লিভ সহ অন্যান্য প্যাকিং ধারক, ডেইরি, বেভারেজ, বা খাদ্যসামগ্রী শিল্প প্রতিষ্ঠানের নামাংকিত কাগজের কাপ ব্যতীত	৫
	৪৮১৯.৬০.০০	অফিস, দোকান বা অনুরূপ ক্ষেত্রে ব্যবহৃত হয় এইরূপ বক্স ফাইল, লেটার ট্রে, সংরক্ষণ বাক্স ও তদ্রূপ দ্রব্যাদি	৫
৬৪.০১	৬৪০১.১০.০০	পায়ের আঙ্গুল প্রতিরক্ষা মূলক মেটাল ক্যাপ সহ ফুটওয়্যার	৫
	৬৪০১.৯১.০০	অন্যান্য ফুটওয়্যার: হাঁটু মোড়া	৫
	৬৪০১.৯২.০০	অন্যান্য ফুটওয়্যার: গোড়ালী মোড়া কিন্তু হাঁটু মোড়া নয়	৫
	৬৪০১.৯৯.০০	অন্যান্য ফুটওয়্যার: অন্যান্য	৫
৬৪.০২	সকল এইচ, এস, কোড	রাবার বা প্লাস্টিকের আউটার সোল ও আপার অন্যান্য ফুটওয়্যার	৫
৬৪.০৩	সকল এইচ, এস, কোড	রাবার, প্লাস্টিক ও চামড়া বা কম্পোজিশন চামড়ার আউটার সোল ও চামড়ার আপারসহ ফুটওয়্যার	৫
৬৪.০৪	সকল এইচ, এস, কোড	রাবার, প্লাস্টিক ও চামড়া কম্পোজিশন চামড়ার আউটার সোল ও বস্ত্রজাত দ্রব্যাদির আপার সোল সহ জুতা	৫
৬৪.০৫	সকল এইচ, এস, কোড	অন্যান্য ফুটওয়্যার	৫

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code).	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
৬৯.০৮		উজ্জ্বল সিরামিক প্রস্তর ফলক এবং আস্তর, উনানের প্রস্তর অথবা দেয়ালের টাইলস; চকচকে সিরামিক মোজাইক কিউব এবং সমজাতীয় পণ্য, কোন বস্তুর উপর স্থাপিত হউক বা না হউক	
	৬৯০৮.১০.০০	টাইল, কিউব এবং অনুরূপ পণ্য, আয়তাকার হউক বা না হউক, যাহার বৃহৎ তলের আয়তন ৭ সেঃ মিঃ এর কম প্রস্থবিশিষ্ট বর্গক্ষেত্রের মধ্যে ধারণ করান সম্ভব	১০
	৬৯০৮.৯০.০০	অন্যান্য	১০
৭৩.১৮	৭৩১৮.১৬.০০	নাট	৫
৭৬.০৭	৭৬০৭.২০.০০	পেপার/পেপার বোর্ড ব্যাকড এ্যালুমিনিয়াম ফয়েল, রসিন হউক বা না হউক, রোল/রিল/ববিন আকারে	৩০
৮২.১৫	সকল এইচ, এস, কোড	চামচ, কাঁটা চামচ, ল্যাডল, স্কিমার, কেক-সার্ভার, ফিশ-নাইফ, বাটার-নাইফ, গুগার-টং ও অনুরূপ কিচেন ও টেবিল ওয়্যার	৫
৮৪.১৫		শীতাতপ নিয়ন্ত্রণকারী যন্ত্র, মটরচালিত পাখায়ুক্ত এবং উষ্ণতা ও আর্দ্রতা পরিবর্তন এর সুবিধা সম্বলিত, আর্দ্রতা পৃথকভাবে নিয়ন্ত্রণ করা যায় না এইরূপ বৈশিষ্ট্য সম্বলিত যন্ত্রসহ জানালা বা দেয়ালে সংযুক্ত এমন স্বয়ংসম্পূর্ণ:	
	৮৪১৫.১০.২০	পরিচালনার জন্য প্রয়োজনীয় ৩ বি এইচ পি এর উর্ধ্বে নহে, সি কে ডি ব্যতীত অন্যান্য	১০
	৮৪১৫.১০.৯০	অন্যান্য, (সি কে ডি ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ৮৪১৫.১০.২০ এর অধীন যন্ত্র ব্যতীত)	১০
		অন্যান্য, রেফ্রিজারেটিং ইউনিট এবং উষ্ণতা বা শীতলতার আবর্তন (cycle) বিপরীতমুখী করার ভান্স সংযুক্ত:	
	৮৪১৫.৮১.২০	পরিচালনার জন্য প্রয়োজনীয় ৩ বি এইচ পি এর উর্ধ্বে নহে, সি কে ডি ব্যতীত অন্যান্য	১০
	৮৪১৫.৮১.৯০	অন্যান্য, (সি কে ডি ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ৮৪১৫.৮১.২০ এর অধীন যন্ত্র ব্যতীত)	১০
	৮৪১৫.৮২.২০	পরিচালনার জন্য প্রয়োজনীয় ৩ বি এইচ পি এর উর্ধ্বে নহে, সি কে ডি ব্যতীত অন্যান্য	১০
	৮৪১৫.৮২.৯০	অন্যান্য (সি কে ডি ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ৮৪১৫.৮২.২০ এর অধীন যন্ত্র ব্যতীত)	

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code).	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
		অন্যান্য, রেফ্রিজারেটিং ইউনিট সংযুক্ত নহে:	
	৮৪১৫.৮৩.২০	পরিচালনার জন্য প্রয়োজনীয় ৩ বি এইচ পি এর উর্ধ্বে নহে, সি কে ডি ব্যতীত অন্যান্য	১০
	৮৪১৫.৮৩.৯০	অন্যান্য, (সি কে ডি ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ৮৪১৫.৮৩.২০ এর অধীন যন্ত্র ব্যতীত)	১০
৮৪.১৮	৮৪১৮.১০.৯০	সমন্বিত রেফ্রিজারেটর ও ফ্রিজার, পৃথক বহিঃদরজা সংযুক্ত (সি কে ডি ব্যতীত)	১৫
	৮৪১৮.২১.৯০	কমপ্রেশন টাইপ গৃহস্থালী রেফ্রিজারেটর (সি কে ডি ব্যতীত)	১৫
	৮৪১৮.২২.৯০	এ্যাবজরপশন টাইপ বৈদ্যুতিক গৃহস্থালী রেফ্রিজারেটর (সি কে ডি ব্যতীত)	১৫
	৮৪১৮.২৯.৯০	গৃহস্থালী রেফ্রিজারেটর কমপ্রেশন বা এ্যাবজরপশন টাইপ ব্যতীত অন্যান্য (সি কে ডি ব্যতীত)	১৫
	৮৪১৮.৩০.৯০	চেষ্টে টাইপ ফ্রিজার যাহার ক্যাপাসিটি ৮০০ L-এর উর্ধ্বে নহে (সি কে ডি ব্যতীত)	১৫
	৮৪১৮.৪০.৯০	আপরাইট টাইপ ফ্রিজার, যাহার ক্যাপাসিটি ৯০০ L-এর উর্ধ্বে নহে (সি কে ডি ব্যতীত)	১৫
	৮৪১৮.৫০.০০	রেফ্রিজারেটিং বা ফ্রিজিং এ ডিসপ্লে কাউন্টার ক্যাবিনেট, শোকেস এবং এই জাতীয় সামগ্রী;	১৫
		অন্যান্য রেফ্রিজারেটিং বা ফ্রিজিং যন্ত্রপাতি; হিট পাম্প:	১৫
	৮৪১৮.৬১.০০	কমপ্রেশন টাইপ ইউনিট যাহার কনডেনসারসমূহ তাপ বিনিময়ে সক্ষম	১৫
	৮৪১৮.৬৯.০০	অন্যান্য	১৫
৮৫.১৭	৮৫১৭.১১.০০	লাইন টেলিফোন সেট, কর্ডলেস হ্যান্ডসেটসহ	২০
	৮৫১৭.১৯.০০	অন্যান্য	২০
৮৫.১৯		টার্ণটেবল, রেকর্ড প্লেয়ার, ক্যাসেট প্লেয়ার ও অন্যান্য শব্দ রিপ্রডিউসিং যন্ত্রপাতি তবে শব্দ রেকর্ডিং কৌশলযুক্ত নহে (সি কে ডি ব্যতীত)	
	৮৫১৯.১০.০০	মুদ্রা বা ডিস্ক চালিত রেকর্ড প্লেয়ার	১০

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code).	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
		অন্যান্য রেকর্ড প্লেয়ার:	
	৮৫১৯.২১.০০	লাউড স্পীকার ব্যতীত	১০
	৮৫১৯.২৯.০০	অন্যান্য	১০
		টার্ণটেবল (রেকর্ড ডেক) :	
	৮৫১৯.৩১.০০	স্বয়ংক্রিয়ভাবে রেকর্ড পরিবর্তনের ব্যবস্থা সম্বলিত	১০
	৮৫১৯.৩৯.০০	অন্যান্য	১০
	৮৫১৯.৪০.০০	ট্রান্সক্রাইবিং মেশিন	১০
		অন্যান্য শব্দ রিপ্ৰডিউসিং যন্ত্রপাতি:	
	৮৫১৯.৯২.০০	পকেট সাইজ ক্যাসেট প্লেয়ার	১০
	৮৫১৯.৯৩.০০	অন্যান্য, ক্যাসেট জাতীয়	১০
	৮৫১৯.৯৯.০০	অন্যান্য	১০
৮৫.২০		ম্যাগনেটিক টেপ রেকর্ডার ও অন্যান্য শব্দ রেকর্ডিং যন্ত্রপাতি, শব্দ রিপ্ৰডিউসিং এর কৌশলযুক্ত হউক বা না হউক (সি কে ডি ব্যতীত)	
	৮৫২০.১০.০০	বাহিরের শক্তি ছাড়া চালনা ক্ষম নহে এইরূপ ডিকটোটিং মেশিন	১০
	৮৫২০.২০.০০	টেলিফোন আনসারিং মেশিন	১০
		শব্দ রিপ্ৰডিউসিং এর কৌশলযুক্ত অন্যান্য ম্যাগনেটিক টেপ রেকর্ডার :	
	৮৫২০.৩২.০০	ডিজিটাল অডিও জাতীয়	১০
	৮৫২০.৩৩.০০	অন্যান্য, ক্যাসেট জাতীয়	১০
	৮৫২০.৩৯.০০	অন্যান্য	১০
	৮৫২০.৯০.০০	অন্যান্য	১০
৮৫.২১		ভিডিও রেকর্ডিং বা রিপ্ৰডিউসিং এর যন্ত্রপাতি (সি কে ডি ব্যতীত)	
	৮৫২১.১০.০০	ম্যাগনেটিক টেপ টাইপ	২৫
	৮৫২১.৯০.০০	অন্যান্য	২৫

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code).	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
৮৫.২৭	৮৫২৭.১২.১০	নির্মিত শব্দ রেকর্ডিং বা উৎপাদনের যন্ত্র সংযোজিত বাহিরের শক্তি ছাড়া চালনাক্ষম রেডিও সম্প্রচার গ্রাহকযন্ত্র, রেডিও টেলিফোন বা রেডিও টেলিগ্রাফ গ্রহণে সক্ষম যন্ত্রসহ	১০
	৮৫২৭.২১.১০	নির্মিত শব্দ রেকর্ডিং বা উৎপাদনের যন্ত্র সংযোজিত মোটরগাড়িতে ব্যবহার উপযোগী বাহিরের শক্তি ছাড়া চালনাক্ষম নহে এইরূপ রেডিও সম্প্রচার গ্রাহকযন্ত্র, রেডিও টেলিফোন বা রেডিও টেলিগ্রাফ গ্রহণে সক্ষম যন্ত্রসহ	১০
	৮৫২৭.৩১.১০	নির্মিত শব্দ রেকর্ডিং বা উৎপাদনের যন্ত্র সংযোজিত বাহিরের শক্তি ছাড়া চালনাক্ষম বা মোটরগাড়ীতে ব্যবহার উপযোগী হউক বা না হউক এইরূপ অন্যান্য রেডিও সম্প্রচার গ্রাহকযন্ত্র, রেডিও টেলিফোন বা রেডিও টেলিগ্রাফ গ্রহণে সক্ষম যন্ত্রসহ	১০
৮৫.২৮	৮৫২৮.১২.৯০	রঙিন টেলিভিশন (সি কে ডি ব্যতীত)	৫
৮৫.৩৯	৮৫৩৯.৩১.০০	ডিসচার্জ ল্যাম্প	৫
	৮৫৩৯.৩২.০০		
	৮৫৩৯.৩৯.৯০		
৮৭.০৩		মোটর গাড়ী এবং অন্যান্য মোটরযান (স্টেশন ওয়াগনসহ)	
	সকল এইচ এস কোড	মোটর চালিত ত্রি-চক্রযান (অটোরিক্সা) :	
		(১) সম্পূর্ণ তৈরী অবস্থায়	২৫
		(২) বিয়ুক্ত অবস্থায়	২৫
	সকল এইচ, এস, কোড	মোটর গাড়ী, স্টেশন ওয়াগনসহ, সিলিভার ক্যাপাসিটি ১০০০ সিসি এর উর্ধ্বে নহে	২৫
	৮৭০৩.২২.২১	মোটর গাড়ী, স্টেশন ওয়াগনসহ, সিলিভার ক্যাপাসিটি ১০০০ সিসি এর উর্ধ্বে কিন্তু ১৩০০ সিসি এর উর্ধ্বে নহে	৪০
	৮৭০৩.২২.২৯	মোটর গাড়ী, স্টেশন ওয়াগনসহ, সিলিভার ক্যাপাসিটি ১০০০ সিসি এর উর্ধ্বে কিন্তু ১৩০০ সিসি এর উর্ধ্বে নহে	৪০

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code).	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূর্ণ শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
৮৭০৩.২৩.৯১	জীপ, সিলিভার ক্যাপাসিটি ১৫০০ সিসি এর উর্ধ্ব কিন্তু ১৬০০ সিসি এর উর্ধ্ব নহে	৪৫	
৮৭০৩.২৩.৯১	জীপ, সিলিভার ক্যাপাসিটি ১৬০০ সিসি এর উর্ধ্ব কিন্তু ২০০০ সিসি এর উর্ধ্ব নহে	৫৫	
৮৭০৩.২৩.৯১	জীপ, সিলিভার ক্যাপাসিটি ২০০০ সিসি এর উর্ধ্ব	৬০	
৮৭০৩.২৪.১০	মোটর গাড়ী, স্টেশন ওয়াগনসহ, সিলিভার ক্যাপাসিটি ৩০০০ সিসি এর উর্ধ্ব	৬০	
৮৭০৩.২৪.৯১	জীপ, সিলিভার ক্যাপাসিটি ৩০০০ সিসি এর উর্ধ্ব	৬০	
৮৭০৩.৩১.২০	মোটর গাড়ী, স্টেশন ওয়াগনসহ, সিলিভার ক্যাপাসিটি ১০০০ সিসি এর উর্ধ্ব কিন্তু ১৩০০ সিসি এর উর্ধ্ব নহে	৪৫	
৮৭০৩.৩১.২০	মোটর গাড়ী, স্টেশন ওয়াগনসহ, সিলিভার ক্যাপাসিটি ১৩০০ সিসি এর উর্ধ্ব কিন্তু ১৫০০ সিসি এর উর্ধ্ব নহে	৬০	
৮৭০৩.৩১.৯১	জীপ, সিলিভার ক্যাপাসিটি ১০০০ সিসি এর উর্ধ্ব কিন্তু ১৩০০ সিসি এর উর্ধ্ব নহে	৩৫	
৮৭০৩.৩১.৯১	জীপ, সিলিভার ক্যাপাসিটি ১৩০০ সিসি এর উর্ধ্ব কিন্তু ১৫০০ সিসি এর উর্ধ্ব নহে	৪৫	
৮৭০৩.৩২.১০	মোটর গাড়ী, স্টেশন ওয়াগনসহ, সিলিভার ক্যাপাসিটি ১৫০০ সিসি এর উর্ধ্ব কিন্তু ১৬০০ সিসি এর উর্ধ্ব নহে	৫০	
৮৭০৩.৩২.১০	মোটর গাড়ী, স্টেশন ওয়াগনসহ, সিলিভার ক্যাপাসিটি ১৬০০ সিসি এর উর্ধ্ব কিন্তু ২৫০০ সিসি এর উর্ধ্ব নহে	৬০	
৮৭০৩.৩২.৯১	জীপ, সিলিভার ক্যাপাসিটি ১৫০০ সিসি এর উর্ধ্ব কিন্তু ১৬০০ সিসি এর উর্ধ্ব নহে	৪৫	
৮৭০৩.৩২.৯১	জীপ, সিলিভার ক্যাপাসিটি ১৬০০ সিসি এর উর্ধ্ব, কিন্তু ২০০০ সিসি এর উর্ধ্ব নহে	৫৫	
৮৭০৩.৩২.৯১	জীপ, সিলিভার ক্যাপাসিটি ২০০০ সিসি এর উর্ধ্ব	৬০	
৮৭০৩.৩৩.১০	মোটর গাড়ী, স্টেশন ওয়াগনসহ, সিলিভার ক্যাপাসিটি ২৫০০ সিসি এর উর্ধ্ব	৬০	
৮৭০৩.৩৩.৯১	জীপ, সিলিভার ক্যাপাসিটি ২৫০০ সিসি এর উর্ধ্ব	৬০	

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code).	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
	৮৭০৩.৯০.২০	মোটর গাড়ী, স্টেশন ওয়াগনসহ ১০০০ সিসি এর উর্ধ্বে কিন্তু ১৩০০ সিসি এর উর্ধ্বে নহে	৪০
	৮৭০৩.৯০.২০	মোটর গাড়ী, স্টেশন ওয়াগনসহ ১৩০০ সিসি এর উর্ধ্বে কিন্তু ১৬০০ সিসি এর উর্ধ্বে নহে	৫০
	৮৭০৩.৯০.২০	মোটর গাড়ী, স্টেশন ওয়াগনসহ ১৬০০ সিসি এর উর্ধ্বে	৬০
	৮৭০৩.৯০.৯১	জীপ, সিলিভার ক্যাপাসিটি ১০০০ সিসি এর উর্ধ্বে, কিন্তু ১৩০০ সিসি এর উর্ধ্বে নহে	৩৫
	৮৭০৩.৯০.৯১	জীপ, সিলিভার ক্যাপাসিটি ১৩০০ সিসি এর উর্ধ্বে, কিন্তু ১৬০০ সিসি এর উর্ধ্বে নহে	৪৫
	৮৭০৩.৯০.৯১	জীপ, সিলিভার ক্যাপাসিটি ১৬০০ সিসি এর উর্ধ্বে, কিন্তু ২০০০ সিসি এর উর্ধ্বে নহে	৫৫
	৮৭০৩.৯০.৯১	জীপ, সিলিভার ক্যাপাসিটি ২০০০ সিসি এর উর্ধ্বে	৬০
৮৭.১১	সকল এইচ, এস, কোড	মোটর চালিত ত্রি-চক্রযান (অটোরিক্সা) :	
		(১) সম্পূর্ণ তৈরী অবস্থায়	২৫
		(২) বিযুক্ত অবস্থায়	২৫
৯৩.০২		রিভলবার ও পিস্তল	
	৯৩০২.০০.৯০	অন্যান্য	১০৫
৯৩.০৩		অন্যান্য আগ্নেয়াস্ত্র	
	৯৩০৩.১০.৯০	অন্যান্য	১০৫
	৯৩০৩.২০.৯০	অন্যান্য	১০৫
	৯৩০৩.৩০.৯০	অন্যান্য	১০৫
	৯৩০৩.৯০.৯০	অন্যান্য	১০৫
৯৩.০৪		অন্যান্য অস্ত্র	
	৯৩০৪.০০.১০	.২২ এবং ৭ মিগমিঃ বোরের রাইফেল	১০৫
	৯৩০৪.০০.৯০	অন্যান্য	১০৫
৯৩.০৫	৯৩০৫.১০.০০	রিভলবার বা পিস্তলের যন্ত্রাংশ ও আনুষঙ্গিক অংশ	১৫
	৯৩০৫.২১.০০	শটগানের ব্যারেল	১৫

শিরোনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code).	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
	৯৩০৫.২৯.০০	অন্যান্য	১৫
	৯৩০৫.৯০.০০	অন্যান্য	১৫
৯৩.০৬		বোমা, গ্রেনেড, টর্পেডো, মাইন, মিসাইল	
	৯৩০৬.১০.০০	রিভেটিং এর জন্য কার্তুজ ও সমজাতীয় পণ্য	১০৫
	৯৩০৬.২১.০০	কার্তুজ	১০৫
	৯৩০৬.২৯.০০	অন্যান্য	১০৫
	৯৩০৬.৩০.১০	.২২ ও ৭ মিঃমিঃ বোরের রাইফেলের গুলি	১০৫
	৯৩০৬.৩০.৯০	অন্যান্য	১০৫
	৯৩০৬.৯০.০০	অন্যান্য	১০৫
৯৩.০৭		তরবারি, ছোরা, সঙ্গিন, বর্শা এবং সমজাতীয় পণ্য	
	৯৩০৭.০০.৯০	অন্যান্য	১০৫
৯৪.০৫	৯৪০৫.৪০.২০	প্রেসার ল্যাম্প	৫
	৯৪০৫.৫০.১০	বেস মেটালের তৈরী হারিকেন ল্যাম্প	৫
	৯৪০৫.৫০.৯০	নন-ইলেক্ট্রিক্যাল ল্যাম্পস্ ও লাইটিং ফিটিংস: অন্যান্য	৫
	৯৪০৫.৬০.০০	আলোকিত-সাইন, আলোকিত নাম ফলক ও অনুরূপ	৫
৯৬.০৮	৯৬০৮.১০.০০	বল পয়েন্ট কলম	৫
	৯৬০৮.৬০.০০	বল পয়েন্ট ও কালি সমেত ধারক, বল পয়েন্ট কলমের রিফিল	৫

সম্পূরক শুল্ক আরোপযোগ্য সেবাসমূহ

শিরোনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	সম্পূরক শুল্ক হার (%)
১	২	৩	৪
S০০১	S০০১.০০	হোটেল ও রেস্টোরাঁ:	
	S০০১.১০	হোটেল:	৫
	S০০১.২০	রেস্টোরাঁ:	৫
		আবাসন, খাদ্য বা পানীয় সরবরাহকালে যদি হোটেল বা রেস্টোরাঁয় মদ জাতীয় পানীয় সরবরাহ করা হয় বা যে কোন ধরনের “ফ্লোর শো” এর আয়োজন করা হয় (বৎসরে একদিনের জন্য করা হইলেও)।	
S০২৩	S০২৩.০০	চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ)	৮৫।”।

ঘোষণা

The Provisional Collection of Taxes Act, 1931 ((XVI of 1931) এর section 3 এর বিধান অনুযায়ী এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে, এই বিলের ৪, ৬ ও ৭ দফাগুলি, উহাতে ভিন্নতর বিধানাবলী সাপেক্ষে, জনস্বার্থে অবিলম্বে কার্যকর করা সমীচীন ও প্রয়োজনীয়।